



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১১ এপ্রিল ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

ইউপিডিএফের বৈসাবি শুভেচ্ছা

পার্বত্য চট্টগ্রামের ঐতিহ্যবাহী মহান সামাজিক উৎসব বৈসাবি (বৈসু, সাংগ্রাই, বিবু) উপলক্ষে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) সভাপতি প্রসিত বিকাশ খীসা জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে পার্বত্য চট্টগ্রামের সকল অধিবাসীসহ দেশবাসী, বিদেশে প্রবাসী পাহাড়ি ও কারাগারে আটক পার্টির নেতাকর্মী ও সমর্থকদের প্রতি শুভেচ্ছা জানিয়েছেন এবং সকলের সুখ, সুস্বাস্থ্য, সমৃদ্ধি ও নিরাপদ জীবন কামনা করেছেন।

আজ শনিবার ১১ এপ্রিল ২০২০ দেয়া বিবৃতিতে তিনি আরও বলেন, 'এ বছর এমন সময়ে বৈসাবি উৎসবের আগমন ঘটেছে যখন বাংলাদেশসহ সারা বিশ্বে করোনাভাইরাস (কোভিড-১৯) মহামারী তার করাল খাবা বিস্তার করে ইতিমধ্যে লক্ষাধিক মানুষের প্রাণ কেড়ে নিয়েছে। এই ভাইরাসের কারণে দেশে রাজনৈতিক, সামাজিক ও ধর্মীয় অনুষ্ঠান বন্ধ রাখতে হয়েছে এবং জনগণকে অবরুদ্ধ অবস্থায় দিনযাপন করতে হচ্ছে।'

'পার্বত্য চট্টগ্রামে করোনাভাইরাসের ভয় ও আতঙ্ক ছাড়াও জনগণকে সব সময় দমনপীড়ন ও হেফতারের ভয়ে দ্রুতস্থ থাকতে হয়' উল্লেখ করে তিনি আরও বলেন, 'এ পরিস্থিতিতে স্বাভাবিকভাবে উৎসব ম্লান হতে বাধ্য'।

ইউপিডিএফ নেতা তা সত্ত্বেও জাতীয় ঐতিহ্য ধরে রাখার স্বার্থে বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশনা মেনে পারিবারিক গণ্ডির মধ্যে সীমিত আকারে বৈসাবি উপলক্ষে খানাপিনা আয়োজনের আহ্বান জানান।

তিনি বৈসাবি উৎসবে এমন কিছু না করতে অনুরোধ করেন, যাতে করোনা-পরিস্থিতি মোকাবিলায় ব্যাঘাত সৃষ্টি হয়।

প্রসিত খীসা পার্বত্য চট্টগ্রামে করোনাভাইরাস মহামারী মোকাবিলার জন্য সেনা অপারেশন বন্ধসহ সকল দমনমূলক কার্যক্রম বন্ধ করে ও আটক সকল রাজবন্দীদের মুক্তি দিয়ে জনগণের সকল শক্তিকে সমাবেশ করার দাবি জানান।

পরিশেষে তিনি পার্টির কেন্দ্রীয় কমিটি কর্তৃক ২৬ মার্চ জারিকৃত সার্কুলারে বর্ণিত নির্দেশনা অনুসরণ করে করোনা মোকাবিলায় সব সময় জনগণের পাশে থাকার জন্য পার্টির সর্বস্তরের নেতাকর্মীদের নির্দেশ দেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।